



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

২২ আগস্ট ২০২৩

বাউবিতে “ বঙ্গবন্ধু বইমেলা উদ্বোধন ”

জ্ঞান বিকাশের জন্য শ্রেণীকক্ষের পাঠ্যপুস্তকের পাশাপাশি অন্যান্য বই পড়া প্রয়োজন

-উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

জ্ঞান বিকাশের জন্য শ্রেণীকক্ষের পাঠ্যপুস্তকের পাশাপাশি অন্যান্য বই পড়া প্রয়োজন। যাতে করে বাস্তব জগতে জ্ঞান বিনিময়ের মাধ্যমে সমৃদ্ধ হওয়া যায়। পাঠ্যপুস্তকের পাশাপাশি সৃজনশীল ও ইতিহাস- ঐতিহ্য সম্পর্কিত বই নিয়মিত পাঠ প্রয়োজন। যার জ্ঞানের ভাণ্ডারে শব্দ সংখ্যা যতবেশি সে ততবেশি স্মার্ট। বর্তমান প্রজন্মের মধ্যে বই কেনা এবং বই পড়ার আগ্রহ সৃষ্টি করাই বইমেলার মূল উদ্দেশ্য। আজকের শিক্ষার্থীরাই আগামীর বাংলাদেশ গঠনে নেতৃত্ব দিবে। তারা যাতে সুশিক্ষায় শিক্ষিত হয়ে আত্মবিশ্বাসে বলিয়ান হয়ে সঠিক নেতৃত্ব দিয়ে দেশকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যেতে পারে এ লক্ষ্যেই আজকের এ বই মেলার আয়োজন। বঙ্গবন্ধু বাংলাদেশ সম্পর্কে ইতোমধ্যে অনেক পুস্তক প্রকাশিত হয়েছে, শিক্ষার্থীদের সেসব পাঠ করা একান্ত দরকার। যাতে তারা বঙ্গবন্ধুর শিক্ষা ও আদর্শে অনুপ্রাণিত হয়ে প্রকৃত দেশপ্রেমিক হয়ে উঠবে এবং বঙ্গবন্ধুর সোনার বাংলা বাস্তবায়নের ভূমিকা রাখতে পারবে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ২২ আগস্ট ২০২৩ মঙ্গলবার সকাল ১০টায় বাউবির মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের উদ্যোগে বঙ্গবন্ধু বইমেলা উদ্বোধনকালে বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এসব কথা বলেন।



বাউবি ক্যাম্পাসে বঙ্গবন্ধু বইমেলা উদ্বোধন করছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার পাশে উৎসাহী শিক্ষার্থীগণ।

উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম ও বাউবির মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম। বাউবির শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম ও সাধারণ সম্পাদক মোঃ আব্দুস সাত্তার, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক ড. কে এম রেজানুর রহমান ও সাধারণ সম্পাদক ড. মোঃ শহীদুর রহমানসহ ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণ, বিশ্ববিদ্যালয়ের ল্যাবরেটরি স্কুলের শিক্ষার্থীগণ ও শ্রাবণ প্রকাশণীর স্বত্বাধিকারী রবিন আহসান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বাউবির মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের সহকারী পরিচালক মোঃ মশিহুর রহমান চৌধুরী উদ্বোধনী অনুষ্ঠান সঞ্চালনা করেন। বঙ্গবন্ধু বইমেলা প্রদর্শনীটি সকাল ১০ টা থেকে বিকেল ৩ টা পর্যন্ত বিরামহীনভাবে চলে।

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)